

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা

৪৬.০২০.০০৪.০১.০০.২১৭.২০১৫- ৪২০৪

তারিখ: ২৫/৭/২০১৬খ্রিঃ।

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৫৫১২/২০১৫ মোকদ্দমার গত ১০-০৩-২০১৬খ্রিঃ তারিখের আদেশ হতে উদ্ভূত কনটেন্ট পিটিশন নং-৪২৬/২০১৬ মামলার রুল ও আরজি।


রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোহাম্মদ মোসাদ্দেক হোসেনকে সাময়িকভাবে বরখাস্ত করা হলে তিনি উক্ত আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ৫৫১২/২০১৫ নং রীট পিটিশন দায়ের করেন। বর্ণিত রীট পিটিশনে গত ১০-০৩-২০১৬খ্রিঃ তারিখে Rule is made partly absolute উল্লেখে রায় প্রদান করা হয়েছে। উক্ত রায়ের প্রেক্ষিতে সরকার পক্ষে আপীল দায়েরসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের বেসরকারি প্যানেল আইনজীবী জনাব মোঃ আশরাফুল আলমকে দায়িত্ব প্রদান করা হয়। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিএমপি নং-৩৭৯/২০১৬ এবং কাউন্সিলর জনাব নিজামুল আক্তীম সি.এম.পি নং-৩৮২/২০১৬ দায়ের করেন এবং উভয় সি.এম.পি উভয় পক্ষের শুনানীশেষে মাননীয় প্রধান বিচারপতি জনাব সুরেন্দ্র কুমার সিন্হা এর নেতৃত্বাধীন আপীল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চ কোন প্রকার আদেশ দেন নাই। বর্ণিত বিষয়ে জনাব মোহাম্মদ মোসাদ্দেক হোসেনের আবেদনের প্রেক্ষিতে এ বিভাগের করণীয় সম্পর্কে পত্র প্রাপ্তির ০২(দুই) কর্মদিবসের মধ্যে আইনগত মতামত প্রদানের জন্য প্যানেল আইনজীবী জনাব মোঃ আশরাফুল আলমকে গত ১৪-১১-২০১৬ তারিখে পত্র লেখা হয়।

০২। আরো উল্লেখ করা হয়েছে রীট পিটিশন নং-৫৫১২/২০১৫ এর বিগত ১০.০৩.২০১৬ তারিখের মাননীয় হাইকোর্ট বিভাগের দ্বৈত বেঞ্চের রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিভিল পিটিশন ফর লীভ-টু-আপীল নং-৩৬১৮/২০১৬ দায়ের করা হয়েছে যা বর্তমানে শুনানীর জন্য আপীল বিভাগে অপেক্ষমান আছে। উচ্চ আদালতে এ বিষয়ে একাধিক সিদ্ধান্ত রয়েছে যে, যখন কোন বিষয় উচ্চ আদালতে শুনানীর জন্য অপেক্ষমান থাকে তখন বিষয়টি আদালতের মাধ্যমে নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উক্ত বিষয়ে সরকার/সরকারি কর্তৃপক্ষের এমন কোন কার্যক্রম করা উচিত নয় যা মামলার বিষয়বস্তু নিষ্পত্তিতে প্রভাব ফেলতে পারে অথবা বিষয়টি মামলার চূড়ান্ত ফলাফলের উপর নির্ভরশীল। উক্ত বিষয়ে এ বিভাগের প্যানেল আইনজীবীর মতামত চাওয়া হলে তিনি জানান যেহেতু সিভিল পিটিশন ফর লীভ-টু-আপীল দায়ের করা হয়েছে সেহেতু এ পর্যায়ে করণীয় সম্পর্কে বিজ্ঞ এটর্নী জেনারেল মহোদয়ের মতামত নেয়ার অনুরোধ করেন।

০৩। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৫৫১২/২০১৫ মোকদ্দমার গত ১০-০৩-২০১৬খ্রিঃ তারিখের আদেশ হতে উদ্ভূত কনটেন্ট পিটিশন নং-৪২৬/২০১৬ মামলার বিজ্ঞ আদালতে জবাব দাখিলের মাধ্যমে মামলাটি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য নিয়োগকৃত প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। ওকালতনামার কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০৪। বিষয়টি অতিব জরুরি।

সংযুক্তঃ বর্ণনামতে রুল ও আরজি ----- ফর্দ।

  
(মোঃ শামসুল আলম বাজালী)  
উপসচিব  
☎ ৯৫৪০৯৯৫

মোঃ আশরাফুল আলম  
প্যানেল আইনজীবী  
স্থানীয় সরকার বিভাগ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। বিজ্ঞ সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গন, ঢাকা।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
- ৩। উপসচিব (সিটি কর্পোরেশন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মোটাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।
- ০৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ০৭। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।